পদোন্নতি পাওয়া ১২ জেলা প্রশাসক বদলি হচ্ছেন না

পদোন্নতি পেয়ে বদলির আদেশ পাওয়া ১২ জেলা প্রশাসককে (ডিসি)আগের জেলাতেই রাখার পক্ষে সরকার। তাই আগের আদেশ বাতিল করে বর্তমানে দায়িত্বরত জেলাতেই তাদের একই পদে পুনর্বহাল করে পৃথক আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।

বদলি না হওয়া এই জেলা প্রশাসকরা হলেন, সিরাজগঞ্জের ডিসি কামরুন নাহার সিদ্দিকা, মুন্সিগঞ্জের ডিসি শায়লা ফারজানা, রাজবাড়ীর ডিসি মো. শওকত আলী, বাগেরহাটের ডিসি তপন কুমার বিশ্বাস, ময়মনসিংহের ডিসি ড. সুভাষ চন্দ্র বিশ্বাস, যশোরের ডিসি মো. আব্দুল আউয়াল, মৌলভীবাজারের ডিসি মো. তোফায়েল ইসলাম ও রংপুরের ডিসি এনামুল হাবিব, নারায়ণগঞ্জের ডিসি রাব্বী মিয়া, গোপালগঞ্জের ডিসি মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, ফরিদপুরের ডিসি উম্মে সালমা তানজিয়া ও গাজীপুরের ডিসি ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

জানা গেছে, ১১ জুন উপসচিব থেকে যুগ্মসচিব পদে পদোন্নতি পাওয়া এই ১২ সরকারি কর্মকর্তাকে তাদের আগের পদ ও কর্মস্থলে ‘ইনসিটু পদায়ন’ (আগের পদে পুনর্বহাল) করেছে সরকার। এর ফলে এই ১২ আমলা এর আগে যেসব জেলায় জেলা প্রশাসক (ডিসি) হিসেবে কর্মরত ছিলেন তারা সেসব জেলাতেই ডিসি হিসেবে দায়িত্ব পালন করবেন। রবিবার (১৬ জুন) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মুহম্মদ শাহীন ইমরানের সই করা প্রজ্ঞাপনে এই আদেশ দেওয়া হয়।

এর আগে গত ১১ জুন জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে ১৯ জেলায় নতুন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট নিয়োগ দেওয়া হয়। ওই প্রজ্ঞাপন অনুযায়ী প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক এস এম তরিকুল ইসলামকে গাজীপুর, প্রধানমন্ত্রীর কার্যালয়ের আরেক পরিচালক অতুল সরকারকে ফরিদপুর, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব বেগম শাহিদা সুলতানাকে গোপালগঞ্জ, নওগাঁর জেলা প্রশাসক মো. মিজানুর রহমানকে ময়মনসিংহ, পাবনার জেলা প্রশাসক মো. জসীম উদ্দিনকে নারায়ণগঞ্জ, দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যানের পিএস মনিরুজ্জামান তালুকদারকে মুন্সিগঞ্জ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপসচিব মামুনুর রশিদকে বাগেরহাট,